

রুরাল পাওয়ার কোম্পানী লিঃ  
বাড়ী#১৯, রোড #১/বি  
সেক্টর#০৯, উত্তরা, ঢাকা।

বিষয়ঃ আরপিসিএল এর ইনোভেশন কমিটির নভেম্বর, ২০১৭ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

বিজ্ঞাপন মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের নির্দেশনা এবং মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন (০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮) অনুযায়ী রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর ইনোভেশন কমিটির নভেম্বর, ২০১৭ মাসের মাসিক সভা ১৮/১১/২০১৭ ইং তারিখ রোজ শনিবার সকাল ১০.০০ ঘটিকায় কোম্পানীর সদর দপ্তরের বোর্ড রুমে কমিটির আহবায়ক ও নির্বাহী পরিচালক (প্রকৌশল) জনাব মোঃ সেলিম ভূঁইয়া এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় আরপিসিএল এর ইনোভেশন কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়াদির উপর আলোকপাত করা হয়:

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতির উপর আলোচনা।	সভায় বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং উক্ত প্রতিবেদনের উপরে বিস্তারিত আলোচনা করা হয়।	প্রতি মাসের মাসিক সভায় বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন নিয়মিত আলোচনা করার বিষয়টি অব্যাহত রাখার ব্যাপারে এবং প্রতিমাসে নিয়মিত মন্ত্রণালয়ের ইনোভেশন কমিটির নিকট প্রেরণ অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি)
২।	ইনোভেশন বিষয়ক প্রেজেন্টেশন	সভায় সভাপতি নাগরিক সেবায় উদ্ভাবনী উদ্যোগ এর বিভিন্ন সুবিধার উপর একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন। এছাড়া নতুন নতুন উদ্যোগ গ্রহন করার জন্য সকলকে উৎসাহিত করেন।	ছোট-ছোট যেকোন ধরনের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের উদ্বুদ্ধ করনের বিষয়ে সিদ্ধান্ত হয়।	আহবায়ক, ইনোভেশন কমিটি
৩।	সহজে বিল প্রাপ্তি	উপবিভাগীয় প্রকৌশলী - মোঃ শহীদুল ইসলাম তার "সহজে বিল প্রাপ্তি" ইনোভেশন আইডিয়াটি সভায় উপস্থাপন করেন। তিনি আভ্যন্তরীণ ও বহিরাগত গ্রাহকের বিল দাখিল হতে শুরু করে বিল পরিশোধ পর্যন্ত প্রক্রিয়া সহজিকরণ এবং এস.এম.এস এর মাধ্যমে ট্র্যাকিং ব্যবস্থা প্রবর্তন করে কিভাবে অযাচিত সময় রোধ করে যায় সে বিষয়ে একটি প্রেজেন্টেশন প্রদান করেন।	সভায় উপস্থাপিত "সহজে বিল প্রাপ্তি" সেবাটির মাধ্যমে আরও কিভাবে সময়ক্ষেপণ রোধ করা যায় সে বিষয়ে পর্যালোচনা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	মোঃ শহীদুল ইসলাম উপবিভাগীয় - )প্রকৌশলীপিএন্ড সি(

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৪।	ভার্চুয়াল লাইব্রেরী	মোঃ আব্দুল বাতেন সহকারী ব্যবস্থাপক (আইসিটি) তার চলমান "ভার্চুয়াল লাইব্রেরী" বিষয়ক ইনোভেশন আইডিয়াটির বিভিন্ন সুবিধা তুলে ধরেন। ভার্চুয়াল লাইব্রেরী স্থাপিত হলে আরপিসিএল এর সদর দপ্তর ও বিদ্যুৎ কেন্দ্র সমূহের গুরুত্বপূর্ণ ও সকলের সাথে শেয়ারযোগ্য বিভিন্ন ডকুমেন্ট, ট্রেনিং ম্যাটেরিয়াল, ম্যানুয়াল, বই ইত্যাদি ইলেক্ট্রনিক্যালি স্টোর করার ব্যবস্থা করা যাবে। সকলে উক্ত লাইব্রেরি হতে প্রয়োজনীয় জ্ঞান আহোরন করতে পারবেন।	গুরুত্বপূর্ণ ও শেয়ারযোগ্য ডকুমেন্টসমূহ ভার্চুয়াল লাইব্রেরীতে আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সেলিম ভূঁইয়া)

আহবায়ক ইনোভেশন কমিটি

ও

নির্বাহী পরিচালক (প্রকৌশল)

রুৱাল পাওয়ার কোম্পানী লিঃ।

স্মারক নংঃ-২৭.২৬.০০০০.০০৩.০৯.০০৭.১৩.১৬৩০

তারিখঃ ২০/১১/২০১৭ ইং

সংযুক্তি :

- আরপিসিএল এর ইনোভেশন কমিটির বার্ষিক কর্মপরিকল্পনার অক্টোবর, ২০১৭ মাসের অগ্রগতির প্রতিবেদন।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

- সচিব (সংস্কার ও সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
- ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, ঢাকা।
- উপ-সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, বিজ্ঞাখস মন্ত্রনালয়, ঢাকা।
- ইনোভেশন কমিটির সকল সদস্যবৃন্দ, আরপিসিএল, ঢাকা।
- প্ল্যান্ট ইনচার্জ, এমপিএস/জিপিপি/ আরপিপি, ময়মনসিংহ/ গাজীপুর/ চট্টগ্রাম।
- অফিস কপি।

বিতরণ (সদয় কার্যার্থে) :

- আহবায়ক ইনোভেশন কমিটি, আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-২ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
- মোঃ শহীদুল ইসলাম, উপ)বিভাগীয় প্রকৌশলী -পিএন্ডসি(, আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-৩ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন)।
- সহকারী ব্যবস্থাপক (আইসিটি), আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-১,৪ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, কার্যবিবরণীটি আরপিসিএল ওয়েবসাইটে আপলোড এবং বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট প্রোগ্রামারের ই-মেইলে প্ররণের ব্যবস্থা নিবেন )